বলিউডে না এসেই যে অভিনেত্রী অল্প সময়ে ১০০ কোটির মালিক

রশ্মিকা মন্দনা, এখনও বলিউডে পা রাখেননি; তবুও ভারতের তরুণ প্রজন্মের কাছে এখন ন্যাশনাল ক্রাশ। যারা গ্লামার দুনিয়ার খবর রাখেন তাদের কাছে খুবই পরিচিত নামি এটি। দীপিকা, ক্যাটরিনা, দিশা পাটনির মতো বলিউডের সুপারস্টার সব নায়িকাকে পিছনে ফেলে দিয়েছেন এই রশ্মিকা। সার্চ ইঞ্জিন গুগলে ‘ন্যাশনাল ক্রাশ অব ইন্ডিয়া’ লিখে সার্চ করলে দেখতে পাবেন রশ্মিকার ছবিই।

তবে গ্ল্যামার দুনিয়া মানেই বলিউড নয়, আর বলিউডে তন্ন তন্ন করে খুঁজলেও রশ্মিকাকে খুঁজে পাবেন না। কারণ এখনও বলিউডে তিনি পা রাখেননি। তিনি মূলত কন্নড় ফিল্মের নায়িকা। ২০১৬ সালে কন্নড় ফিল্ম ‘কিরিক পার্টি’তে তিনি ডেবিউ করেন। কন্নড় ছাড়া তেলুগু ফিল্মেও চুটিয়ে কাজ করছেন রশ্মিকা। তাকে দর্শকেরা এতটাই পছন্দ করেছেন যে এই অল্প সময়ের মধ্যেই তিনি ১০০ কোটি রুপির মালিক হয়ে গিয়েছেন। সারা ভারত খুঁজলেও এমন কোনও অভিনেত্রী পাওয়া যাবে না যিনি এই অল্প সময়ে এত টাকা উপার্জন করে ফেলেছেন।

রশ্মিকার জন্ম কর্নাটকের বিরাজপেটে। কলেজে পড়ার সময় থেকেই পড়াশোনার পাশাপাশি তিনি মডেলিং করতেন। প্রচুর বিজ্ঞাপনেও দেখা গিয়েছে তাকে। বিজ্ঞাপনের শ্যুটিংয়ের সময় তার একটা ছবি দেখেই কন্নড় ফিল্ম ‘কিরিক পার্টি’র পরিচালকের পছন্দ হয়ে গিয়েছিল তাকে। পরিচালক নিজেই তাকে ছবির প্রস্তাব দেন।

২০১৭ সালে দক্ষিণী নায়ক রক্ষিত শেট্টিকে বিয়ে করেন তিনি। কিন্তু বছর ঘুরতে না ঘুরতেই তাদের বিচ্ছেদও হয়ে যায়। ফিল্ম ‘কিরিক পার্টি’ থেকেই তাদের পরিচয়। এই ফিল্মে রক্ষিত তার বিপরীতে অভিনয় করেছিলেন।

গ্ল্যামার দুনিয়ায় আসার পর থেকে এখনও পিছন ফিরে তাকাতে হয়নি রশ্মিকাকে। এখনও পর্যন্ত তার প্রতিটা ফিল্মই বাণিজ্যিক ভাবে দারুণ সফল। খুব দ্রুত কেরিয়ারে উত্থান ঘটা রশ্মিকা এতদিন কর্নাটকের ক্রাশ হিসাবেই পরিচিত ছিলেন। এ বার কর্নাটকের পাশাপাশি ন্যাশনাল ক্রাশও হয়ে উঠলেন। তার অসম্ভব মিষ্টি হাসি। রশ্মিকার হাসিতে নাকি জাদু রয়েছে। আর ভুবন ভোলানো সেই হাসিতেই মজেছে

তরুণ প্রজন্ম। তার নাম দিয়ে এত পরিমাণ সার্চ হয়েছে গুগলে যে তিনিই এখন ন্যাশনাল ক্রাশ।

এর আগে বলি অভিনত্রী দিশা পাটানি হয়েছিলেন ন্যাশনাল ক্রাশ। সেই দৌড়ে দিশাকেও পিছনে ফেলে এগিয়ে এলেন রশ্মিকা। যে ভাবে রশ্মিকা এগোচ্ছেন তাতে খুব তাড়াতাড়িই বলিউডে তিনি সুযোগ পেয়ে যাবেন। তার বলি ডেবিউয়ের জন্য দেশ জুড়ে অপেক্ষায় রয়েছেন তার লক্ষ লক্ষ ভক্ত। সূত্র : আনন্দবাজার পত্রিকা।

সকালে অর্জুন, বিকেলে মালাইকা আরোরার করোনা শনাক্ত

বলিউডে ফের করোনাভাইরাসের থাবা। এবার অভিনেতা অর্জুন কাপুর করোনায় আক্রান্ত হলেন। রবিবার সকালে অভিনেতা নিজেই নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে এই খবর জানিয়েছেন। তিনি বাড়িতেই হোম কোয়ারেন্টাইনে থাকবেন বলে জানান।

পরে বিকেলে খবর আসে করোনায় আক্রান্ত হয়েছেন তার প্রেমিকা মালাইকা আরোরাও। তথ্যটি নিশ্চিত করেছে তার বোন আমিত্রা আরোরা।

অমিত্রা জানান, ‘আজ বিকেলেই করোনায় আক্রান্ত হওয়ার খবর পাওয়া গিয়েছে আমার বোনের। ডাক্তারের পরামর্শ অনুযায়ী এখন আইসোলেশন রয়েছেন তিনি। সঙ্গে আমরা সকলেই সামাজিক দূরত্ব মেনে চলছি।’

এর আগেও বলিউডে থাবা বসিয়েছে করোনাভাইরাস। আক্রান্ত হয়েছিলেন বলিউডের মেগাস্টার অমিতাভ বচ্চন। তার ছেলে-পুত্রবধূ ও নাতনিও। তবে সবাই এখন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

করোনা আক্রান্তের সংখ্যার নিরিখে বিশ্ব তালিকার এখন দ্বিতীয় স্থানে উঠে এসেছে ভারত।

সূত্র- বিডি-প্রতিদিন

৪ বছর পর দেখা হবে, ইনশাআল্লাহ: বুবলী

লিপইয়ার বা অধিবর্ষ নিয়ে সামাজিকমাধ্যমে একটি স্ট্যাটাস দিয়েছেন ঢাকাই চলচ্চিত্রের জনপ্রিয় নায়িকা শবনম বুবলী।

দিনটি বিশেষভাবে উদযাপন করে ইনস্টাগ্রাম হ্যান্ডেলে নিজের একটি ছবি শেয়ার করেন নায়িকা।

ক্যাপশনে নায়িকা লিখেছেন, ‘হ্যালো #লিপইয়ার ২৯.০২.২০২০। চার বছর পর ফের দেখা হবে, ইনশাআল্লাহ।’ হাসির ইমোকনও যুক্ত করেন তিনি। এ সময় বুবলী টি-শার্ট পরিহিত ছিলেন।

হঠাৎ করে সিনেমাপাড়া থেকে বুবলীর উধাও হয়ে যাওয়ার পর সম্প্রতি সুপাস্টার শাকিব খানকে জড়িয়ে চিত্রনায়িকা শবনম বুবলীকে নিয়ে মিডিয়াপাড়ায় নানা গুঞ্জন শুরু হয়।

বলাবলি হচ্ছিল- শাকিবের সাবেক স্ত্রী অভিনেত্রী অপু বিশ্বাসের পথেই হাঁটছেন বুবলী। শাকিব খানের সঙ্গে গোপনে সংসার পেতেছেন তিনি। তাকে যুক্তরাষ্ট্রেও পাঠিয়েছেন শাকিব খান।

তবে অবশেষে আড়াল ভেঙে মুখ খুললেন বুবলী। সবকিছুকে ‘গুজব’ বলে উড়িয়ে দেন এই অভিনেত্রী। এরপর থেকে সামাজিকমাধ্যমে সক্রিয় হন।

সুত্র-যুগান্তর